

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
সেগুনবাগিচা, ঢাকা।

প্রেস বিজ্ঞপ্তি

ব্যক্তিশ্রেণীর করদাতাদের আয়কর রিটার্ন দাখিলের সময়সীমা বৃদ্ধি।

২০০৭-২০০৮ কর বৎসরের জন্য ব্যক্তিশ্রেণীর করদাতার ক্ষেত্রে আয়কর রিটার্ন দাখিল করার শেষ তারিখ ৩০শে সেপ্টেম্বর, ২০০৭। বিভিন্ন মহল ও সংগঠনের দাবীর প্রেক্ষিতে বিগত ২৪/০৯/২০০৭ইং তারিখে এক আদেশের মাধ্যমে ব্যক্তিশ্রেণীর সকল করদাতার আয়কর রিটার্ন দাখিলের শেষ তারিখ ৩০শে সেপ্টেম্বর, ২০০৭ থেকে ৩১শে অক্টোবর, ২০০৭ তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হয়েছিল। তদুপরি বিভিন্ন সংগঠনের পুনঃআবেদন ও জনমতের প্রেক্ষিতে ২০০৭-০৮ কর বছরের জন্য ব্যক্তিশ্রেণীর করদাতার ক্ষেত্রে আয়কর রিটার্ন দাখিলের চূড়ান্ত সময়সীমা ৩১শে অক্টোবর, ২০০৭ থেকে ৩০শে নভেম্বর ২০০৭ পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে। এ বর্ধিত সময়সীমা ব্যক্তি শ্রেণীর করদাতার সার্বজনীন স্ব-নির্ধারণী পদ্ধতি/স্ব-নির্ধারণী পদ্ধতিতে রিটার্ন দাখিলের ক্ষেত্রেও প্রযোজ্য হবে। সংশ্লিষ্ট সকল করদাতাকে উক্ত চূড়ান্ত বর্ধিত সময়সীমার মধ্যে ২০০৭-২০০৮ কর বৎসরের আয়কর রিটার্ন দাখিলের জন্য অনুরোধ করা যাচ্ছে।

২০০৭-০৮ কর বৎসরের জন্য ব্যক্তি শ্রেণীর করদাতাদের রিটার্ন দাখিলের সময়সীমা কোনভাবেই আর বৃদ্ধি করা হবে না।

জাতীয় রাজস্ব বোর্ড
Website: <http://www.nbr-bd.org>